অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতার মাসের প্রতি সম্মানস্বরূপ স্টেটের বিখ্যাত স্থানগুলো গোলাপি আলোয় আলোকিত করা হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

স্টেটের স্বাস্থ্য বিভাগ রুটিন স্ক্রিনিং, আগে থেকে শনাক্তকরণ, এবং রোগ নির্ণয় ও সেবার অ্যাক্সেস বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করছে

1-866-442-CANCER (2262) নম্বরে ফোন করে বিনামূল্যে স্ক্রিনিং সুবিধা পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে আজ 16 অক্টোবর সন্ধ্যায় স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতার মাসের প্রতি সম্মানস্বরূপ স্টেটের এক ডজন বিখ্যাত স্থানকে গোলাপি আলোয় আলোকিত করা হবে। এই আলোকিতকরণের লক্ষ্য হচ্ছে প্রাথমিক পর্যায়ে থাকতেই এবং যখন চিকিৎসা সবচেয়ে ভালোভাবে কাজ করে সেই সময়েই স্তন ক্যান্সার - এখন পর্যন্ত নিউ ইয়র্কে সবচেয়ে বেশি ঘন ঘন শনাক্ত হওয়া ক্যান্সার - নির্ণয়ের জন্য রুটিন স্ক্রিনিং এবং আগে থেকে শনাক্তকরণের গুরুত্বের বিষয়টিকে স্বীকৃতি দেওয়া।

"স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতার মাসে আমরা এই মর্মান্তিক রোগের কারণে যাদেরকে হারিয়েছি এবং যেসব সাহসী নিউ ইয়র্কবাসী এখনো এটির সঙ্গে লড়াই করে চলেছেন তাদের প্রতি সম্মান জানাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "এসব বিখ্যাত স্থান গোলাপি আলোয় আলোকিত করার মাধ্যমে, আমরা যে অগ্রগতি সম্পন্ন হয়েছে, যে আবশ্যকীয় কাজ এখনো বাকি রয়ে গেছে, এবং বীরোচিতভাবে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের জন্য আমরা যে অবিচল সহায়তা প্রদান করে থাকি সেগুলোকে স্বীকৃতি প্রদান করছি। এই অক্টোবর মাসে, আমি সব নিউ ইয়র্কবাসীকে নিজে নিজে পরীক্ষা করা এবং রুটিনমাফিক ম্যামোগ্রাম করানোর গুরুত্ব সম্পর্কে জানতে উৎসাহিত করছি - যেগুলো কয়েকটি সহজ পদক্ষেপ যা আমরা এই অনিষ্টকর রোগের বিরুদ্ধে লড়াইয়ের জন্য গ্রহণ করতে পারি।"

স্তন ক্যান্সার হচ্ছে মহিলাদের মধ্যে ক্যান্সার সংক্রান্ত মৃত্যুর দ্বিতীয় শীর্ষ কারণ, যেখানে প্রতি আটজন মহিলার মধ্যে একজন তাদের জীবনকালে এই রোগে আক্রান্ত হওয়ার আশংকা রয়েছে। স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) কর্তৃক সংকলিত পরিসংখ্যানের তথ্য অনুযায়ী, নিউ ইয়র্কে প্রতি বছর 16,800 জনেরও বেশি মহিলার স্তন ক্যান্সার ধরা পড়ে এবং প্রায় 2,500 জন স্তন ক্যান্সারের কারণে মৃত্যুবরণ করেন; এছাড়াও প্রতি বছর প্রায় 160 জন পুরুষের এই রোগ ধরা পড়ে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "অনেক বেশি নিউ ইয়র্কবাসীর জন্য ক্যান্সারের কারণে কোনো প্রিয়জনকে হারিয়ে ফেলা একটি বাস্তব বিষয়। স্তন ক্যান্সার সম্পর্কে সচেতনতার মাসে, আমরা যাদেরকে হারিয়েছি তাদের কথা স্মরণ করছি এবং লড়াই চালিয়ে যাওয়া ও বেঁচে ফিরে আসা ব্যক্তিদের প্রতি সম্মান জানাচ্ছি। স্বাস্থ্য বিভাগ অব্যাহত বিনিয়োগ, শক্তিশালী নীতিমালা, এবং কমিউনিটি-ভিত্তিক অংশীদারিত্বের মাধ্যমে স্ক্রিনিং, আর্লি ইন্টারভেনশন, এবং মানসম্মত সেবার সমতাপূর্ণ অ্যাক্সেসের একটি ভিত্তি নির্মাণ করার কাজ অব্যাহত রাখবে।"

যেসব বিখ্যাত স্থান ও সেতুগুলো আলোকিত করা হবে সেগুলোর মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (The Lake Placid Olympic Center)
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)

অনেক ক্ষেত্রেই, বিমা না থাকার কারণে মহিলারা অতি গুরুত্বপূর্ণ আর্লি ইন্টারভেনশন পেতে সক্ষম হন না: নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ কর্তৃক প্রকাশিত একটি নতুন রিপোর্ট অনুযায়ী 2020 সালে 50 থেকে 74 বছর বয়সী এবং স্বাস্থ্য বিমা না থাকা মহিলাদের মধ্যে প্রায় দুই-তৃতীয়াংশ স্ক্রিনিং করিয়েছেন। সেই তুলনায়, স্বাস্থ্য বিমা রয়েছে এমন মহিলাদের মধ্যে প্রায় 83 শতাংশ স্ক্রিনিং করিয়েছেন।

এছাড়াও, অশ্বেতাঙ্গ মহিলাদের উপর স্তন ক্যান্সার বৈষম্যমূলকভাবে প্রভাব ফেলছে। যদিও নন-হিস্প্যানিক ককেশিয়ান মহিলাদের মধ্যে স্তন ক্যান্সার সবচেয়ে বেশি দেখা গেছে, নন-হিস্প্যানিক কৃষ্ণাঙ্গ মহিলাদের মধ্যে মৃত্যুর হার সবচেয়ে বেশি, যা স্বাস্থ্য ফলাফলের ক্ষেত্রে জাতিগত বৈষম্যমূলক ব্যবধানের বিষয়টি তুলে ধরছে।

নিউ ইয়র্ক স্টেট স্তন ক্যান্সার সম্পর্কিত ফলাফলের ক্ষেত্রে বৈষম্য কমিয়ে আনার জন্য এবং রোগ নির্ণয় ও চিকিৎসার অ্যাক্সেস বৃদ্ধির জন্য দেশের-নেতৃস্থানীয় পদক্ষেপগুলো গ্রহণ করা

অব্যাহত রেখেছে। এই মাসের শুরুতে, 21টি সংস্থাকে নিজেদের কমিউনিটিতে নিউ ইয়র্ক স্টেট ক্যান্সার সার্ভিসেস (New York State Cancer Services) কর্মসূচি পরিচালনা করার জন্য স্টেটের তরফ থেকে অনুদান প্রদানের জন্য একটি নতুন তহবিল প্রাপ্তির সুযোগ চালু করা হয়েছে। এসব অনুদানপ্রাপ্তরা নিউ ইয়র্কের প্রতিটি কাউন্টি ও বরোকে কভারেজের আওতায় নিয়ে আসবে এবং স্বাস্থ্য সংক্রান্ত বৈষম্য কমিয়ে আনার জন্য এমন লোকজনের উপর তাদের প্রচেষ্টা নিয়োজিত করবে যারা পরিষেবাগুলোর অ্যাক্সেস পাচ্ছেন না এবং ক্যান্সারের একটি অসম বোঝা বহন করে চলেছেন, যেমন বিমার কভারেজ নেই এমন ব্যক্তি; এই তহবিলপ্রাপ্তির সুযোগ সম্পর্কে আরো তথ্য নিউ ইয়র্ক স্টেট গ্র্যান্ট গেটওয়েতে (New York State Grants Gateway) পোস্ট করা হয়েছে।

গত সপ্তাহে, গভর্নর হোকল স্তন ক্যান্সার থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের সাহায্য করার জন্য যারা মাস্টেকটমি বা আংশিক মাস্টেকটমি করানোর পরে চেস্ট রিকনস্ট্রাকশন সার্জারি করানো বেছে নেবেন তাদের জন্য যথাযথ বিমার কভারেজ নিশ্চিত করতে আইন স্বাক্ষর করেছেন।

মহিলা এবং নিউ ইয়র্কবাসীরা সবচেয়ে গুরুত্বপূর্ণ যে পদক্ষেপটি গ্রহণ করতে পারেন তা হলো রুটিনমাফিক স্তন ক্যান্সার স্ক্রিনিং করানো। স্তন ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি কমাতে, স্টেটের স্বাস্থ্য বিভাগ নিউ ইয়র্কবাসীদেরকে নিম্নলিখিত বিষয়গুলো মনে করিয়ে দিচ্ছে:

- পারিবারিক ইতিহাস সম্পর্কে সচেতন থাকা এবং উদ্বেগগুলো সম্পর্কে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে আলোচনা করা।
- হরমোন প্রতিস্থাপন থেরাপি ব্যবহার করা সম্পর্কে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে আলোচনা করা।
- অধ্যয়নগুলোতে দেখা গেছে যে দীর্ঘ সময় ধরে বাচ্চাকে বুকের দুধ খাওয়ানো স্তন ক্যান্সার হওয়ার ঝুঁকি কমায়।
- স্বাস্থ্যসম্মত ওজন বজায় রাখা।
- নিয়মিত ব্যায়াম করা।
- CT স্ক্যান এর মতো মেডিকেল ইমেজিংয়ের ঝুঁকি ও সুফলগুলো নিয়ে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে আলোচনা করা যাতে আয়োনাইজিং রেডিয়েশনের সাথে অপ্রয়োজনীয় সংস্পর্শ এড়ানো যায়।

নিউ ইয়র্কবাসীদের একটি ম্যামোগ্রাম করানো সম্পর্কে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলা উচিত। যাদের বিমার কভারেজ অথবা স্বাস্থ্যসেবা প্রদানকারীর অ্যাক্সেস নেই তারাও স্ক্রিনিং করাতে পারবেন: নিকটস্থ কোনো অবস্থান খুঁজে নিতে 1-866-442-CANCER (2262) নম্বরে নিউ ইয়র্ক স্টেট ক্যান্সার সার্ভিসেস কর্মসূচিতে ফোন করুন।

নিউ ইয়র্ক স্টেট ক্যান্সার সার্ভিসেস কর্মসূচি প্রতিটি কাউন্টি ও বরোর উপযুক্ত, বিমাহীন নিউ ইয়র্কবাসীর জন্য বিনামূল্যে স্তন ক্যান্সার স্ক্রিনিং-এর সুযোগ প্রদান করে থাকে। এই কল বিনামূল্যে করা যাবে, এবং সপ্তাহের 7 দিন, দিনের 24 ঘণ্টা অপারেটরদেরকে পাওয়া যাবে। এছাড়াও কাউন্টি বা বরো অনুযায়ী কোনো স্থানীয় কর্মসূচি খুঁজে নিতে নিউ ইয়র্কবাসীরা আমাদের কমিউনিটি কর্মসূচিসমূহের তালিকা ভিজিট করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন